গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রণালয়/বিভাগের নাম: পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

বিষয়: ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকৃত।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ক্রম | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | অর্থবছর | বর্তম অবস্থ |
| ০১ | গাড়ী অধিযাচন (ডিজিটাল) সেবা সহজীকরণ সফটওয়্যার নির্মাণ | গাড়ী অধিযাচনের ফরম পূরণ বা আবেদনের জন্য দাপ্তরিক মূল্যবান সময় নষ্ট হয়। অফিস চলাকালীন ছাড়া অধিযাচনের সুযোগ সংকীর্ণ। অধিযাচনের জন্য বার্তাবাহক প্রয়োজন হয়। কাগজ, কালি, প্রিন্টার এবং কম্পিউটার প্রয়োজন হয়।<br>একটি সফটওয়্যার তৈরি করা এবং গাড়ীর ড্রাইভারের নাম, মোবাইল নং এবং গাড়ীর নম্বর উক্ত সফটওয়্যারে সংযোজন করা। যার ফলে অর্থ ও সময় সাশ্রয় হবে। | ২০১৮-১৯ | চালু রয় |
| ০২ | পরিকল্পনা বিভাগের স্বাস্থ্য কেন্দ্রে মেডিকেল কীট সরবরাহ | পরিকল্পনা বিভাগ/কমিশনের কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সেবা প্রদান করতে পরিকল্পনা কমিশন চত্বরে স্থাপিত স্বাস্থ্য কেন্দ্রে প্রয়োজনীয় ঔষধ সামগ্রী, প্রেসার মাপক যন্ত্র এবং আনুষঙ্গিক সুবিধাদি নিশ্চিত করা। | ২০১৮-১৯ | চালু রয় |
| ০৩ | বৈদেশিক প্রশিক্ষণে সুযোগের সমতা বিধান এবং কর্মকর্তা মনোনয়ন সহজিকরণ | বৈদেশিক প্রশিক্ষণে কর্মকর্তাগণের অংশগ্রহণে বহুলাংশে সমতা বিধান; প্রত্যাশী সংস্থা এবং মনোনীত কর্মকর্তাগণের উদ্বেগ ও উৎকন্ঠা হ্রাস; সরকারি আদেশ জারিতে অপেক্ষাকৃত কম সময় লাগবে; মিটিং এর সংখ্যা কমে যাওয়ায় পরিকল্পনা কমিশন এবং পরিকল্পনা বিভাগের অনেক কর্মকর্তার কর্মঘন্টা বেচে যাবে; বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণে সমতা বিধানের প্রচেষ্টা। | ২০১৮-১৯ | চালু রয় |
| ০৪ | কর্মকর্তা/কর্মচারীদের আবেদন প্রক্রিয়া/নিষ্পত্তি সহজিকরণ | কর্মকর্তা/কর্মচারীর (আবেদনকারীদের) সময় ও যাতায়াত হ্রাস এবং আবেদনের হালনাগাদ অবস্থা সম্পর্কে আবেদনকারীকে অবহিত করা। | ২০১৯-২০ | চালু রয় |
| ০৫ | এসএমএস এর মাধ্যমে পিআরএল গমনকারীদের অবহিতকরণ | পিআরএল গমণকারী কর্মকর্তা/কর্মচারীগণ সময় নিয়ে আবেদন না করলে পিআরএল আদেশ জারী এবং ছুটি নগদায়ন আদেশ জারীতে বিলম্বিত হয়। অনেক ক্ষেত্রে পিআরএল গমণের পূর্বের দিন আদেশ জারী করা হয়। এতে পিআরএল গমণকারী এবং সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাগণের দাপ্তরিক সমস্যা নিরসনে এসএমএস এর মাধ্যমে ০৩ মাস পূর্বে পিআরএল গমণকারী, সংশ্লিষ্ট (প্রশাসন শাখা ও হিসাব শাখা)কে অবগত করা। | ২০১৯-২০ | অফি আদে মাধ্য জানানে |
| ০৬ | বিদ্যুৎ সাশ্রয়ে মুভমেন্ট সিস্টেম | প্রচলিত ব্যবস্থাপনায় অফিস চলাকালীন এবং তৎপরবর্তী সময়ে অর্থাৎ Round the clock বিদ্যুতের ব্যাপক অপচয় হচ্ছে। এই অপচয় রোধে movement sensor system স্থাপন করা সম্ভব হলে বিদ্যুতের অপচয় রোধ ফলপ্রসু হবে। এক্ষেত্রে কাইজেন পদ্ধতির আলোকে অল্প বিনিয়োগে তুলনামূলক অর্থে ব্যাপক উপযোগ পাওয়া সম্ভব। | ২০১৯-২০ | আংশি চালু রয় |
| ০৭ | এসএসআরসি এর গবেষণা প্রকল্প নির্বাচন প্রক্রিয়া সহজিকরণ | এসএসআরসির স্টোকহোল্ডাররা (বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক , গবেষক, বিভিন্ন সরকারী/বেসরকারী প্রতিষ্ঠান, প্রশিক্ষণ ইনস্টিটিউট) গবেষণা ও প্রশিক্ষণের জন্য মঞ্জুরি গ্রহণ করে থাকেন। এক্ষেত্রে অফিসিয়াল কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় সময় ও অর্থ দুই-ই বেশি ব্যয় হয়ে থাকে। এ সেবার মাধ্যমে এসএসআরসি একটি হেল্প ডেস্ক এবং একটি সফটওয়্যার তৈরি করেছে। যাতে সেবাগ্রহীতারা পূর্বের তুলনায় অনেক কম সময় ও কম অর্থ ব্যয়ে সেবা পাচ্ছেন। এছাড়া তাদের আসা যাওয়ার সংখ্যাও কমে এসেছে। | ২০২০-২১ | চালু রয় |
| ০৮ | পরিকল্পনা মন্ত্রণালয় চত্বরের সার্বিক মানচিত্র স্থাপন | পরিকল্পনা কমিশন চত্বরে পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, আইএমইডি, ইআরডিসহ বিভিন্ন দপ্তর থাকায় সুনির্দিষ্ট অফিস খুঁজে পেতে একজন সেবাগ্রহীতার যেন সুবিধা হয় সে প্রেক্ষিতে পরিকল্পনা কমিশন চত্বরের প্রধান ফটকে সার্বিক মানচিত্র স্থাপন করা হয়েছে। | ২০২০-২১ | চালু রয় |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ক্রম | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | অর্থবছর | বর্তমান অবস্থা |
| ০৯ | ADP/RADP Management System (AMS) | নতুন প্রকল্প গ্রহণ (অনুমোদিত নতুন প্রকল্প তালিকা প্রণয়ন); চলমান প্রকল্পের প্রাপ্যতা অনুসারে বরাদ্দ প্রদান; নতুন প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান, চলমান প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান, ব্যয় খাত সংশোধন, উপযোজন, প্রকল্প সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ; প্রকল্পের এলাকা ভিত্তিক খরচ নির্ণয়, কাগজের ব্যবহার কমিয়ে নির্ভুলভাবে ADP/RADP প্রণয়ন ও বরাদ্দ প্রদান; Data Sharing এর বিষয়ে আইবাস++ এর সাথে MoU স্বাক্ষরিত হয়েছে; প্রকল্প পরিকল্পনা কমিশনে আসা থেকে শুরু করে পাশ হওয়া পর্যন্ত তথ্যাদি সংরক্ষণ। | ২০২০-২১ | চালু রয়েছে |
| ১০ | জাতীয় উন্নয়ন পরিকল্পনা বিষয়ক ডিজিটাল নলেজ পোর্টাল (GED Knowledge Portal) | সাধারণ অর্থনীতি বিভাগ কর্তৃক একটি ডিজিটাল নলেজ পোর্টাল স্থাপনের মাধ্যমে এ বিভাগ কর্তৃক প্রণীত সকল জাতীয় মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনাসহ সংশ্লিষ্ট পলিসি ডকুমেন্টস ও তাদের বাস্তবায়ন অগ্রগতির আপলোডকরণের মাধ্যমে সকলের অভিগম্যতা সহজলভ্যকরণ/নিশ্চিতকরণ। | ২০২১-২২ | চালু রয়েছে |
| ১১ | কার্যক্রম বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত নির্ধারিত ছকে প্রস্তাবিত চলমান প্রকল্পের তথ্য-উপাত্ত প্রদানের মাধ্যমে এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দ উপযোজনপূর্বক বরাদ্দ পুনঃনির্ধারণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মধ্য থেকে একটি প্রকল্পের অনুকূলে এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দ হতে অন্য প্রকল্পে স্থানান্তর করা অর্থাৎ পুন:উপযোজন প্রস্তাব পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগের মাধ্যমে কার্যক্রম বিভাগে প্রেরণ করে। কার্যক্রম বিভাগ কর্তৃক প্রকল্পের প্রাক্কলিত ব্যয়, ক্রমপুঞ্জিভূত ব্যয়, এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দ, অবমুক্তকৃত অর্থের পরিমাণ এবং প্রাপ্যতা যাচাই সাপেক্ষে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর অনুমোদনক্রমে এডিপি/আরএডিপিতে প্রদত্ত বরাদ্দের উপযোজনপূর্বক বরাদ্দ পুন:নির্ধারণ করা হয়। | ২০২১-২২ | চালু রয়েছে |
| ১২ | Project Processing, Appraisal & Management System (PPS) বিষয়ক ডিজিটাল সেবা। | উন্নয়ন প্রকল্প প্রণয়ন এবং প্রক্রিয়াকরণ সম্পূর্ণ ম্যানুয়াল পদ্ধতিতে এজেন্সি থেকে মন্ত্রণালয়ে এবং পরবর্তীতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়; প্রকল্প দলিলটি বর্তমানে হার্ডকপিতে প্রেরণ করা হয় এবং উন্নয়ন প্রকল্পের অনুমোদনের লক্ষ্যে প্রকল্প দলিলটি একাধিক কপি মন্ত্রণালয়ে এবং সংশ্লিষ্ট সেক্টর এ প্রেরণ করা হয়। উক্ত সফটওয়্যারের মাধ্যমে কাজের গতি ত্বরান্বিত হবে এবং সময় হ্রাস পাবে। | ২০২১-২২ | চালু রয়েছে |